কপোতো বহবো হ্যধ্রুবেণ ধ্রুবং গতাঃ। পূর্ব্বং ভক্তিপ্রকরণগতত্বাদত ইতি হেতুপন্যাসঃ কৃতঃ॥ ১১॥ ২৯ ॥ সঃ ॥ ৮৫ ॥

অন্তে ১১।২৯।২২ শ্লোকে ভগবান্ শ্রীকৃষ্ণ শ্রীমান্ উদ্ধব মহাশয়কে বলিয়াছিলেন—হে উদ্ধব! অতএব আমার ভজনই বিবেকবতী বুদ্ধির এবং চাতুর্য্যের পরম ফল। সেই ফলটি কি? তাহাই এইক্ষণ দেখাই-তেছেন—বিনাশশীল ক্ষণস্থায়ী দেহের দ্বারা সত্য আনন্দময় আমাকে এই সংসারে এইজন্মেই যদি লাভ করিতে পারে, তাহা হইলে সেইটি বুদ্ধি-বিবেক এবং মনীষা অর্থাৎ চাতুর্য্য। আর যদি আমাকে লাভ না করিয়া অনিত্য ও দুঃখময় দেহের দ্বারা অনিত্য ও দুঃখময়বস্তু লাভ করে, তাহা হইলে বুঝিতে হইবে—সেজন বিবেকশূন্য মুর্খ এবং অচতুর। ইতি শ্লোকার্থ ॥ ৮৫ ॥

এই শ্লোকের শ্রীধরস্বামীপাদকৃত টীকার ব্যাখ্যা—অতএব আমার ভজনই বুদ্ধি অর্থাৎ ভালমন্দ বিচার করিবার ক্ষমতা এবং মনীষা অর্থাৎ চাতুর্য্যের ফল। ইহাই বলিতেছেন—"এষা বুদ্ধিমতাং বুদ্ধি" সেই বুদ্ধিটি দেখাইতেছেন, সত্য ও অমৃতস্বরূপ আমাকে অনৃত—অসত্য, মর্ত্ত্য—বিনাশী, মনুষ্যদেহের দ্বারা এই জন্মেই যে আমাকে প্রাপ্ত হয়, সেইটি বুদ্ধি এবং মনীষা, বুদ্ধি—বিবেক, মনীষা—চাতুর্য্য। এই পর্য্যন্ত টীকার ব্যাখ্যা।

হরিশ্চন্দ্র, রন্তিদেব, উঞ্ছবৃত্তি, শিবি, বলিঃ, ব্যাধ, কপোত প্রভৃতি বহু বহু মহাপুরুষগণ অস্থায়ী বিনাশী দেহের দ্বারা নিত্যসনাতনবস্তু আমাকে লাভ করিয়াছেন। স্বামীপাদকৃত টীকায়—"অতো মদ্ভজনমেব" এইস্থানে "অত" অর্থাৎ অতএব—এইরূপ হেতুবাদের উল্লেখ করিবার তাৎপর্য্য এই যে' "এষা বুদ্ধিমতাং বুদ্ধিঃ"—এই শ্লোকটির পূর্ব্বে ভক্তিপ্রসঙ্গ বর্ণিত হইয়াছেন বলিয়া "অত" এই হেতুটির উল্লেখ করিয়াছেন ॥ ৮৫ ॥

শ্রীশুকোপদেশোপসংহারে চ শ্রবণমূপলক্ষ্য—সংসারসিন্ধুমতিদুস্তরমুত্তিতীর্ষোর্নান্যঃ প্লবো ভগবতঃ পুরুষোত্তমস্য। লীলাকথারসনিষেবণমন্তরেণ পুংসো ভবেদ্বিবিধদুঃখদ-বার্দ্দিতস্য ॥ ৮৬ ॥

টীকা চ—অন্যঃ প্লব উত্তরণসাধনং ন ভবেৎ উপায়ান্তরাসম্ভবাদিত্যেষা। অন্যাসামপি ভক্তীনাং তৎপূর্ব্বকত্বেনৈব প্রবৃত্তেরুপায়ান্তরাসম্ভবত্বং যুক্তম্। এতদনন্ত-রাধ্যায়শ্চ তাদৃশোপক্রমোপসংহারময় এব। অত্রানুগীয়তেঽভীক্ষ্ণং ভগবান্ হরিরীশ্বরঃ। যস্য প্রসাদজো ব্রহ্মা রুদ্রঃ ক্রোধসমুদ্ভবঃ॥ ইত্যুপক্রম্য, এতত্তে কথিতং তাত যদাত্মা পৃষ্টবান্নৃপ। হরের্বিশ্বাত্মনশ্চেষ্টাং কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি॥ ইত্যুপসংহারেঽপি, তাদৃশমহিমত্বেন পূর্ব্বোক্তলীলাকথা শ্রবণস্যৈব প্রাধান্যাৎ, তত উপক্রমোপসংহার-নির্দ্দিষ্টত্বাৎ শ্রবণোপলক্ষিতভক্তেরেযাত্রাপি প্রাধান্যম্। যস্তু তন্মধ্যে, ত্বন্তু রাজন্ মরিষ্যেতীত্যাদিনা জ্ঞানোপদেশঃ, স চ তস্য যা প্রাগবগতা ভক্তিনিষ্ঠা তস্যাঃ